# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২০৭

১/ বিবিধ

আরবী

أفضل الأيام يوم عرفة إذا وافق يوم الجمعة، وهو أفضل من سبعين حجة في غير جمعة

باطل لا أصل له

وأما قول الزيلعي - على ما في " حاشية ابن عابدين " (2 / 348) : رواه رزين ابن معاوية في تجريد الصحاح

فاعلم أن كتاب رزين هذا جمع فيه بين الأصول الستة: " الصحيحين " و" موطأ مالك " و" سنن أبي داود " والنسائي والترمذي، على نمط كتاب ابن الأثير المسمى " جامع الأصول من أحاديث الرسول " إلا أن في كتاب " التجريد " أحاديث كثيرة لا أصل لها في شيء من هذه الأصول كما يعلم مما ينقله العلماء عنه مثل المنذري في " الترغيب والترهيب " وهذا الحديث من هذا القبيل فإنه لا أصل له في هذه الكتب ولا في غيرها من كتب الحديث المعروفة، بل صرح العلامة ابن القيم في " الزاد " (1 / 17) ببطلانه فإنه قال بعد أن أفاض في بيان مزية وقفة الجمعة من وجوه عشرة ذكرها: وأما ما استفاض على ألسنة العوام بأنها تعدل اثنتين وسبعين حجة، فباطل لا أصل له عن رسول الله صلى الله عليه وسلم، ولا عن أحد من الصحابة والتابعين

وأقره المناوي في " فيض القدير " (2 / 28) ثم ابن عابدين في الحاشية

বাংলা

২০৭। আরাফার দিবস যদি জুম’আর দিবসের সাথে মিলে যায় তাহলে তা সর্বোত্তম দিবস এবং সেটি জুম’আর দিবসহীন সত্তরটি হাজ্জ (হজ্জ) এর চেয়ে ও উত্তম।

হাদীসটি বাতিল, এটির কোন ভিত্তি নেই।

যায়লাঈ "হাশীয়া ইবনু আবেদীন" গ্রন্থে যা এসেছে (২/৩৪৮) তার উপর ভিত্তি করে বলেছেনঃ এটিকে রামীন ইবনু মুয়াবিয়া “তাজরীদুস সিহহা” গ্রন্থে বর্ণনা করেছেন।

জেনে নিনঃ এ রায়ীনের গ্রন্থটিতে ইবনুল আসীরের "জামেউল উসূল মিন আহাদীসির রসূল" গ্রন্থের ন্যায় ছয়টি হাদীস গ্রন্থ (বুখারী, মুসলিম, মুয়াত্তা মালেক, আবু দাউদ, নাসাঈ ও তিরমিযী) থেকে হাদীস একত্রিত করা হয়েছে। কিন্তু “কিতাবুত তাজরীদ” গ্রন্থে এমন বহু হাদীস স্থান পেয়েছে যেগুলোর কোন ভিত্তি ছয়টি হাদীস গ্রন্থে নেই। এ হাদীসটি সেই পর্যায়ভুক্ত যেটি ছয়টি হাদীস গ্রন্থে, এমনকি অন্য কোন প্রসিদ্ধ গ্রন্থেও যার কোন ভিত্তি নেই।

ইবনুল কাইয়্যিম বরং স্পষ্টভাবে “যাদুল মায়াদ” গ্রন্থে (১/১৭) হাদীসটি বাতিল হওয়ার কথা বলেছেন। তিনি বলেছেনঃ সাধারণ লোকদের মুখে মুখে প্রচার হয়েছে যে, জুম’আর দিবসের সে হজ্জ বাহাত্তরটি হজ্জের সমতুল্য। এটি বাতিল, এর কোন ভিত্তি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এমনকি কোন সাহাবী বা তাবেঈ হতেও নেই। তার একথাকে মানবী “ফায়যুল কাদীর” গ্রন্থে (২/২৮) সমর্থন করেছেন। ইবনু আবেদীন “হাশীয়া” গ্রন্থেও সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5467

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন